দৈনিক খবর

তারিখ 22 JUN 1988 পৃষ্ঠা 1 কলাম 4



# শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্যের প্রতিবাদ

॥ স্টাফ রিপোর্টার ॥

গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে সংঘটিত ঘটনা সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্যের প্রতিবাদ করছে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ।

গতকাল মঙ্গলবার ডাকসু ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত এক সমাবেশে এ প্রতিবাদ জানিয়ে বলা হয়েছে, ৩রা মার্চের ভোটারবিহীন নির্বাচনের মাধ্যমে গঠিত সংসদের বৈধতা দেশবাসী মানে না। এ সংসদের প্রতিনিধিদের সিনেট সদস্য হওয়ার নৈতিক অধিকার নেই। ছাত্র সমাজ শিক্ষাঙ্গনের মর্যাদা ও পবিত্রতা

*৭-এর পাতায় দেখুন*

## শিক্ষা মন্ত্রণালয়ের

*প্রথম পৃষ্ঠার পর*

রক্ষার্থেই গত সোমবার তাদের দায়িত্ব পালন করেছে।

সমাবেশে শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্যকে ঔদ্ধত্যপূর্ণ বলে উল্লেখ করে বলা হয়েছে, শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্য বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপের শামিল।

ছাত্র নেতা আশরাফুল হক মুকুল সমাবেশে বক্তব্য রাখেন। তিনি তাঁর বক্তব্যে ছাত্রদের উপর পুলিশী হামলারও নিন্দা জানান।

সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি মোস্তফা ফারুক ও গণতান্ত্রিক ছাত্র ইউনিয়নের সভাপতি আখতার সোবহান মাসরুর ও সাধারণ সম্পাদক সুজাউদ্দিন জাফর পৃথক বিবৃতিতে শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্যের প্রতিবাদ করেছেন এবং ছাত্রদের উপর পুলিশী হামলার নিন্দা জানিয়েছেন।

বাজেট ও ৮ম সংশোধনী বিলের প্রতিবাদে গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন আগামীকাল বৃহস্পতিবার সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র জমায়েত ও বিক্ষোভ মিছিলের কর্মসূচী নিয়েছে।